

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ০২৬-১ (হে মোহাম্মদ), তুমি পড়ো, (পড়ো) তোমার মালিকের নামে, যিনি সৃষ্টি করেছেন,
- ০২৬-২ যিনি মানুষকে সৃষ্টি করেছেন জমাটবাঁধা রক্ত থেকে,
- ০২৬-৩ তুমি পড়ো এবং (জেনে রাখো) তোমার মালিক বড়োই মেহেরবান,
- ০২৬-৪ তিনি (মানুষকে) কলম দ্বারা (জ্ঞান-বিজ্ঞান) শিখিয়েছেন,
- ০২৬-৫ তিনি মানুষকে (এমন সবকিছু) শিখিয়েছেন যা (তিনি না শেখালে) সে কখনো জানতে পারতো না;
- ০২৬-৬ (আর) হাঁ, এ মানুষটিই (বড়ো হয়ে) বিদ্রোহে মেতে ওঠে;
- ০২৬-৭ সে দেখতে পায় তার যেন (এখন আর) কোনো অভাব নেই;
- ০২৬-৮ অথচ (এ নির্বোধি ভেবে দেখে না,) একদিন তার মালিকের দিকেই (তার) প্রত্যাবর্তন হবে;
- ০২৬-৯ তুমি কি সে (দাস্তিক) ব্যক্তিটিকে দেখেছো যে তাকে বাঁধা দিলো-
- ০২৬-১০ (বাঁধা দিলো আল্লাহর) এক বান্দাকে যে নামায পড়ছিলো;
- ০২৬-১১ তুমি কি দেখেছো, সে কি সঠিক পথের ওপর আছে,
- ০২৬-১২ কিংবা সে কি (অন্যদের আল্লাহ তাআলাকে) ভয় করার আদেশ দেয় ?

- 0৯৬-১৩ সে ব্যক্তি সম্পর্কে তুমি কি মনে করো যে (আল্লাহকে) মিথ্যা প্রতিপন্ন করে এবং (তাঁর থেকে) মুখ ফিরিয়ে নেয়;
- 0৯৬-১৪ এ (দাস্তিক) লোকটি কি জানে না আল্লাহ তায়ালা (তার সব কিছুই) পর্যবেক্ষণ করছেন;
- 0৯৬-১৫ (কিছুতেই) না, যদি সে (এ থেকে) ফিরে না আসে, তাহলে অবশ্যই তাকে আমি সম্মুখভাগের চুলের গোছা ধরে হেঁচড়াবো,
- 0৯৬-১৬ (তুমি কি জানো সে কে যার চুল ধরে আমি হেঁচড়াবো?) সে হচ্ছে (আমাকে) মিথ্যা প্রতিপন্নকারী না-ফরমান ব্যক্তিটি,
- 0৯৬-১৭ সে (আজ বাঁচার জন্য) তার সঙ্গী-সাথীদের ডেকে আনুক,
- 0৯৬-১৮ আমিও তার জন্যে (আযাবের) ফেরেশতাদের ডাক দেবো,
- 0৯৬-১৯ কখনো নয়; তুমি কিছুতেই তার অনুসরণ করো না, তুমি (বরং) তোমার মান্নিকের সামনে সাজদাবনত হও এবং তাঁর নৈকট্য লাভ করো।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed
Al Quran Academi London

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr